গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর
বেসরকারি কলেজ শাখা
www.dshe.gov.bd
ঢাকা

জরুরি

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১০৫.৪৬.০০১.২১.৫৭

তারিখ: ৮ মাঘ ১৪২৮
২২ জানুয়ারি ২০২২

বিষয়: **করোনা ভাইরাস জনিত রোগ কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন স্কুল ও কলেজের সামগ্রিক কার্যক্রম পরিচালনার জন্য নির্দেশনা।**

সূত্র: (১) মন্ত্রিপরিষদ বিভাগের স্মারক নং ০৪.০০.০০০০.৫১৪.১৬.০০১.২১.১৪১; তারিখ- ২১/০১/২০২২ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতাধীন স্কুল ও কলেজ কর্তৃপক্ষসহ সংশ্লিষ্ট সকলকে অবহিত করা যাচ্ছে যে, করোনা ভাইরাসজনিত রোগ **কোভিড-১৯ এর বিস্তার রোধকল্পে নিম্নরূপ নির্দেশনাসমূহ যথাযথভাবে মেনে সামগ্রিক কার্যক্রম পরিচালনা করতে হবে:-**

১। আগামী ৬ ফেব্রুয়ারি, ২০২২ পর্যন্ত সশরীরে শ্রেণি কার্যক্রম বন্ধ থাকবে;
২। এ সময়ে শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষ বাস্তবতার ভিত্তিতে অনলাইন/ভার্চুয়াল প্ল্যাটফরম-এ শিখন-শেখানো কার্যক্রম অব্যাহত রাখবে;
৩। যথাযথ স্বাস্থ্যবিধি মেনে ১২-১৭ বছর বয়সী শিক্ষার্থীদের কোভিড ১৯ ভ্যাকসিনেশন কার্যক্রম চলমান থাকবে; এ ক্ষেত্রে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আঞ্চলিক অফিস, জেলা শিক্ষা অফিস ও উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিস স্থানীয় প্রশাসন ও সিভিল সার্জনের সাথে সমন্বয় অব্যাহত রাখবে;
৪। শিক্ষা প্রতিষ্ঠান বন্ধকালীন শ্রেণি কক্ষ, গ্রন্থাগার, গবেষণাগারসহ প্রতিষ্ঠানের সকল বিদ্যুৎ, টেলিফোন, ইন্টারনেট,পানি এবং গ্যাস সংযোগ নিরবচ্ছিন্ন ও নিরাপদ রাখতে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে;
৫। এ সময় শিক্ষা প্রতিষ্ঠানের সকল সম্পদ রক্ষণাবেক্ষণ ও সামগ্রিক নিরাপত্তার বিষয়টির প্রতি বিশেষ গুরুত্ব দিতে হবে;
৬। শিক্ষা প্রতিষ্ঠান প্রধান-প্রতিষ্ঠানের জরুরি প্রয়োজনে স্বাস্থ্য বিধি প্রতিপালনপূর্বক শিক্ষক ও কর্মচারীদের দায়িত্বে নিয়োজিত রাখতে পারবেন;
৭। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানের ছাত্রবাস/ছাত্রীনিবাসে বৈধ আবাসিক শিক্ষার্থীরা অবস্থান করছে তাদের সুবিধার্থে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত ছাত্রাবাস/ছাত্রীনিবাসসমূহ খোলা থাকবে। তবে সংশ্লিষ্ট সকলকে যথাযথ স্বাস্থ্যবিধি কঠোরভাবে মেনে চলতে হবে;
৮। অধিদপ্তরের অধীন সকল দপ্তর ও শিক্ষা প্রতিষ্ঠানে কর্মরত সকল কর্মকর্তা, শিক্ষক ও কর্মচারীর অবশ্যই টিকা সনদ গ্রহণ করতে হবে;
৯। শিক্ষা প্রতিষ্ঠানের কার্যালয় যথারীতি চালু থাকবে; সেখানে স্বাস্থ্যবিধি মেনে দৈনন্দিন কার্যক্রম পরিচালিত হবে;
১০। জাতীয় স্কুল, মাদ্রাসা ও কারিগরি ক্রীড়া সমিতির আয়োজনে দেশের বিভিন্ন অঞ্চলে চলমান ক্রীড়া প্রতিযোগিতা পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত স্থগিত থাকবে।
১১। শিক্ষা প্রতিষ্ঠানে নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্ন কার্যক্রম অব্যাহত রাখতে হবে।

এমতাবস্থায়, কেভিড১৯ সংক্রমণ রোধে সরকার ঘোষিত সকল স্বাস্থ্য বিধি ও অন্যান্য বিধি নিষেধ যথাযথভাবে প্রতিপালনপূর্বক পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত উপর্যুক্ত নির্দেশনাসমূহ বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২২-১-২০২২
প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী
মহাপরিচালক (রুটিন দায়িত্ব)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অধ্যক্ষের কার্যালয়
রাঙ্গামাটি সরকারি মহিলা কলেজ
রাঙ্গামাটি পাবত্য জেলা।

Web-Site: www.rangamatigmc.gov.bd e-mail: principalrgmc@yahoo.com

তারিখ-২২/০১/২০২২ খ্রি.

'বিজ্ঞপ্তি'

সংযুক্ত পত্রের মর্মানুযায়ী রাঙ্গামাটি সরকারি মহিলা কলেজের সম্মানিত শিক্ষক, শিক্ষার্থী ও সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, কোভিড-১৯ এর বিস্তাররোধকল্পে সার্বিক কার্যাবলী/চলাচলে আরোপিত বিধি-নিষেধ মেনে চলার জন্য ২২/০১/২০২২ হতে ০৬/০২/২০২২ খ্রি. পর্যন্ত সশরীরে শ্রেণি কার্যক্রম বন্ধ থাকবে এবং পূর্বের নিয়ম অনুসারে অনলাইন ক্লাস অব্যাহত রাখতে শিক্ষকবৃন্দকে বিশেষভাবে অনুরোধ করা হলো এবং সংশ্লিষ্ট শিক্ষার্থীদেরকে অনলাইন ক্লাসে অংশগ্রহণ করার জন্য নির্দেশ দেয়া গেল।

২২/০১/২০২২

(প্রফেসর মোঃ এনামুল হক খোন্দকার)
অধ্যক্ষ
রাঙ্গামাটি সরকারি মহিলা কলেজ
রাঙ্গামাটি পার্বত্য জেলা।